

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-5

(কথাসাহিত্যের রূপভেদ ও বাংলা ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) রচয়িতার নামসহ একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- খ) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও একটি উদাহরণ দাও।
- গ) 'অনধিকার প্রবেশ' গল্পটি রচনার প্রেক্ষাপট সম্পর্কে লেখো।
- ঘ) 'স্ত্রীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ঙ) 'অতিথি' গল্পে তারাপদর সঙ্গে প্রথম সাক্ষাতের সময় চারুর বয়সের কী নির্দেশিকা ছিল?

(পরের পাতায়)

- চ) 'জীবিত ও মৃত' গল্পে কাদম্বিনীকে দাহ করতে গিয়ে কারা মৃতদেহ আগলে বসেছিল?
- ছ) 'নিশীথে' গল্পের মূল তিনটি চরিত্রের নাম লেখো।
- জ) 'লক্ষকর্ণ' গল্পের রায়বাহাদুরের স্ত্রী, পুত্র ও কন্যার নাম লেখো।
- ঝ) 'দেবী' গল্পের পরিকল্পনায় লেখক কার কাছে ঋণী? তা কোন্ দিক থেকে?
- ঞ) "খালি জন্ম দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়" — কে, কার উদ্দেশে উক্তিটি করেছে?
- ট) 'পোনাঘাট পেরিয়ে' গল্পটি কোন্ গল্পসংকলন গ্রন্থের অন্তর্ভুক্ত? তার প্রকাশকাল লেখো।
- ঠ) 'তবে যে সবাই বলতেছে ই বানে কেউ মরবে না?' — কে বলেছে? কোন্ বানের কথা বলা হয়েছে?
- ড) খোঁড়া শেখ কার সামনে কোন্ গানটি গেয়েছিল?
- ঢ) চলিত রীতিতে লেখা রবীন্দ্রনাথের প্রথম গল্প কোনটি? সেটি কী ধরনের গল্প?
- ণ) 'হরণের নাতজামাই' গল্পে উল্লিখিত 'তেভাগা' শব্দটির তাৎপর্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) সামাজিক উপন্যাসের সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি লেখো।
- খ) অলৌকিক বিষয় নয়, 'দক্ষিণাচরণের মনোবিকার রয়েছে নিশীথে গল্পের কেন্দ্রে' - আলোচনা করো।

- গ) 'জীবিত ও মৃত' গল্পের কাদম্বিনীর সখীর পরিচয় দাও।
- ঘ) 'লম্বকর্ণ' গল্পের প্রধান চরিত্র দুটির নাম লেখো। তাদের কলহের কারণ সংক্ষেপে ব্যাখ্যা করো।
- ঙ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখ শেষপর্যন্ত বিবিকে ক্ষমা করে দিল কেন?
- চ) 'গৌরাঙের বানের চে' সে বান ভালো'— বক্তা কে? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা আঞ্চলিক উপন্যাসের আলোকে ব্যাখ্যা করো।
- খ) 'স্ত্রীর পত্র' গল্পের মৃগাল চরিত্রের বিশিষ্টতার দিকগুলি পরিস্ফুট করো।
- গ) তারশঙ্করের 'নারী ও নাগিনী' গল্পে বাস্তবতার যে ছবি ফুটে উঠেছে তা গল্পের শিল্পরূপকে কীভাবে প্রভাবিত করেছে, আলোচনা করো।
- ঘ) 'হারাণের নাতজামাই' একটি প্রতিবাদী গল্প— মন্তব্যটি কতখানি যথাযথ বলে তুমি মনে করো?